যুগান্তর

তারিখ 26 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

জামালগঞ্জে স্কুলছাত্রীকে যৌন হয়রানি

# সেই শিক্ষকের ছয় মাসের জেল

**তাহিরপুর ও জামালগঞ্জ প্রতিনিধি**

সুনামগঞ্জের জামালগঞ্জের সেই শিক্ষককে ৬ মাসের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। মোস্তফা রকিব ভূঁইয়া নামের ওই শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানিমূলক কর্মকাণ্ড ও আপত্তিকর প্রস্তাবে সাড়া না দেয়ার জেরে এসএসসির প্রস্তুতিমূলক পরীক্ষায় হল থেকে স্কুলের মেধাবী (রোল-০১) ছাত্রীকে বের করে দেয়ার অভিযোগ ছিল। উপজেলা নির্বাহী অফিসার ও ম্যাজিস্ট্রেট মঙ্গলবার ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে বেলা ১২টায় যৌন হয়রানির অভিযোগ প্রমাণিত হওয়ায় ওই শিক্ষককে কারাদণ্ডাদেশ দিয়েছেন। মোস্তফা রকিব ভূঁইয়া জামালগঞ্জের উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিজ নামে নিজ গ্রাম লক্ষ্মীপুরে প্রতিষ্ঠিত আলহাজ ঝুনু মিয়া উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক। তিনি পার্শ্ববর্তী ধর্মপাশা উপজেলার জয়শ্রী ইউনিয়নের মহেষপুর গ্রামের রিয়াজ আহমদের ছেলে।

উপজেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রতিষ্ঠিত উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোস্তফা রকিব ভূঁইয়ার বিরুদ্ধে সোমবার সন্ধ্যায় স্কুলের ভুক্তভোগী এক মেধাবী ছাত্রী ও তার পরিবার উপজেলা নির্বাহী অফিসারের কাছে যৌন হয়রানির অভিযোগ করলে সোমবার রাতে বিদ্যালয়ের একটি আবাসিক কক্ষ থেকে থানা পুলিশ তাকে আটক করে নিয়ে আসে।